



খেলাধুলাকে পেশা হিসেবে প্রতিষ্ঠায় কাজ করছে সরকার: আমিনুল হক



আমিনুল হক। ছবি: সংগৃহীত

খেলাধুলাকে পেশা হিসেবে প্রতিষ্ঠিত করতে সরকার কাজ শুরু করেছে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান খেলাধুলাকে বিশেষ গুরুত্ব দিয়েছেন।

গুৱাবার (১১ সেপ্টেম্বর) শরীয়তপুরের ভেদরগাঞ্জের সখিপুর থানার হাবিবউল্লাহ ডিগ্রি কলেজ মাঠে আয়োজিত ফুটবল টুর্নামেন্টের ফাইনালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আমিনুল হক বলেন, নতুন কুঁড়ি স্পোর্টসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করার কাজ চলছে। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে খেলার মাঠ সংরক্ষণের উদ্যোগও নেওয়া হয়েছে। দেশের ৪ হাজার ৫৯৯টি ইউনিয়নে মাঠ সংরক্ষণের মাধ্যমে খেলাধুলার পরিবেশ তৈরির লক্ষ্য রয়েছে সরকারের।

তিনি জানান, প্রতিটি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণের কাজও চলছে। শহরের পাশাপাশি গ্রামের তরুণদেরও খেলাধুলার সুযোগ দিতে চায় সরকার। তৃণমূল থেকে প্রতিভা তুলে এনে জাতীয় পর্যায়ে নিয়ে আসার ওপর গুরুত্ব দেন তিনি।

প্রতিমন্ত্রী বলেন, খেলাধুলার সঙ্গে তরুণদের যুক্ত করা গেলে তাদের মাদক, সন্ত্রাস ও অপরাধ থেকে দূরে রাখা সম্ভব। একই সঙ্গে শৃঙ্খলা, নেতৃত্ব ও পারস্পরিক সম্প্রীতি তৈরিতেও খেলাধুলা ভূমিকা রাখে।

ফাইনালে চরচান্দা ফুটবল একাদশ ও আরশিনগর ফুটবল একাদশ মুখোমুখি হয়। নির্ধারিত সময়ে ম্যাচের নিষ্পত্তি না হওয়ায় টাইব্রেকারে ৪-৩ গোলে জয় পেয়ে চ্যাম্পিয়ন হয় চরচান্দা ফুটবল একাদশ।